দৈনিক ইত্তেফাক

7

তারিখ 14 JUL 2006
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# প্রধানমন্ত্রী সকাশে বিশ্ববিদ্যালয় পরিষদ প্রতিনিধি দল

বাসস ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা জ্ঞান অর্জনের লক্ষ্যে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার জন্য শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের একটি প্রতিনিধিদল গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাহার সাথে সাক্ষাৎ

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## প্রতিনিধি দল

(১ম পৃ: পর)

করিতে গেলে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সন্ত্রাসী কর্মকাণ্ড বন্ধ করিতে না পারিলে শিক্ষার মান বৃদ্ধি সম্ভব নহে। তিনি দেশে শিক্ষার মান নীচে নামিয়া যাওয়ায় দুঃখ প্রকাশ করেন। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, এক সময় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাচ্যের অক্সফোর্ড হিসাবে বিবেচিত হইত। ঢাকা বিশ্ববিদ্যালয় সেই মান বজায় রাখিতে ব্যর্থ হইয়াছে। প্রধানমন্ত্রী জাতীয় জীবনের সকল পর্যায়ের সন্ত্রাসীদের নির্মূল করার জন্য তাহার সরকারের প্রতিশ্রুতির কথা ব্যক্ত করিয়া বলেন, সন্ত্রাসীরা শিক্ষার পরিবেশ কলুষিত করিয়াছে। তাহারা যেই হউক না কেন, কঠোর হস্তে দমন করা হইবে। তিনি বলেন, সন্ত্রাসীদের কোন শ্রেণী নাই। তাহারা সমাজ বিরোধী। তিনি বলেন, জাতির বৃহত্তর স্বার্থে শিক্ষাঙ্গনে সন্ত্রাসীদের সহ্য করা হইবে না।

শেখ হাসিনা পবিত্র শিক্ষাঙ্গনে অস্ত্রের মহড়া বন্ধ করার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনসহ সকল মহলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, ছাত্রদের কোনভাবে রাজনীতির হাতিয়ার হইতে দেওয়া যাইবে না।

বুয়েটের ভিসি অধ্যাপক মোঃ শাহজাহান প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। দলের সদস্যরা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিষয় অবহিত করেন। বৈঠকে দেশের সকল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ উপস্থিত ছিলেন। তাহারা মেধা পাচার বন্ধ এবং সেশন জট সমাধানে প্রধানমন্ত্রীর সাহায্য-সহযোগিতা চান। তাহারা প্রশাসনিক ও শিক্ষা বিষয়ক কিছু সমস্যা তুলিয়া ধরেন। প্রধানমন্ত্রী তাহাদের সমস্যাবলী যথাযথভাবে দেখার এবং ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।